

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং- ৩২.০১.৩৬৮৭.০০০.০০.০০০.২১- ১৪

তারিখঃ ২৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ।

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর এর আওতাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় শায়েস্তাগঞ্জ উপজেলার অধীনে স্থাপিত ক্লাবগুলোর জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদ পর্যন্ত নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী ব্যক্তিদের কাছ থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম,বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
০১।	সংগীত শিক্ষক দৈনিক সম্মানী ৫০০/- (সপ্তাহে এক দিন)	০২ জন	এস.এস.সি. পাশ এবং সঙ্গীততে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/বেতার, টেলিভিশনের তালিকাভুক্ত শিল্পী/সঙ্গীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০২।	আবৃত্তি শিক্ষক দৈনিক সম্মানী ৫০০/- (সপ্তাহে এক দিন)	০৩ জন	এস.এস.সি. পাশ এবং আবৃত্তিতে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমির প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/বেতার, টেলিভিশনের তালিকাভুক্ত আবৃত্তিকার/আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলীঃ

- আবেদনকারীকে আগামী ০৫ অক্টোবর, ২০২১ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, শায়েস্তাগঞ্জ বরাবর আবেদন করতে হবে।
- আবেদনকারীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- সরকার নির্ধারিত কোটায় (শহীদ বীর মুক্তিযোদ্ধা বা বীর মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) আবেদনকারীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ০৫ অক্টোবর, ২০২১ তারিখ সংশ্লিষ্ট পদের আবেদনকারীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে। নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য আবেদনকারী পাওয়া না গেলে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ আবেদনকারীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- আবেদন পত্রের সাথে আবেদনকারীদের সম্পত্তি তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- খামের উপর ডান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।
- চাকুরিরত আবেদনকারীদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।




মোঃ মিনহাজুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার  
শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।

স্মারক নং- ৩২.০১.৩৬৮৭.০০০.০০.০০০.২১- ১৪

তারিখঃ ২৬ সেপ্টেম্বর, ২০২১ খ্রিষ্টাব্দ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- প্রকল্প পরিচালক, “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- জেলা প্রশাসক, হবিগঞ্জ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ।
- উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, হবিগঞ্জ।
- অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার